

ঢাকা ওয়াসা

০১)
০২)
০৩)
০৪)
০৫)

এস ও সি বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের সংশোধিত বাজেট বরাদ্দের কপি।
এস ও সি বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
ঠিকাদারী প্রতিষ্ঠানের বিবরণ।
পূর্ব অনুমোদিত দরের কপি।
প্রাক্কলন।

বিষয়: Shifting and reconnection of generator with ancillary works at different DTW compounds under SOC division কাজে প্রসঙ্গে।

০১। এস ও সি বিভাগ ঢাকা ওয়াসার কেন্দ্রীয় কন্ট্রোল রুম হিসেবে ২৪ (চব্বিশ) ঘন্টা খোলা রেখে কাজ করে যাচ্ছে। বিভিন্ন মডুস জোন ও পানি শোধনাগার সমূহের পানি উৎপাদন সহ প্রতিদিনের বিভিন্ন ধরনের তথ্যাদি (গাড়ি দ্বারা পানি সরবরাহের পরিমাণ, বিদ্যুৎ বিভ্রাট ইত্যাদি) উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করা হয়। তাছাড়া ঢাকা শহরের বিভিন্ন পানির পাম্পের ক্লোরিনেশন সিস্টেম স্থাপন, মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ করতঃ বিশুদ্ধ পানি সরবরাহ নিশ্চিত করার কাজটি এস ও সি বিভাগের মাধ্যমেই সম্পন্ন হয়ে থাকে। এছাড়াও ঢাকা ওয়াসার এস ও সি বিভাগের আওতাধীনে ওয়াসা ভবনে ৪ টি ও বিভিন্ন মডুস জোনে ১৩ অর্থাৎ মোট ১৭ টি জেনারেটর স্থাপিত রয়েছে। ওয়াসা ভবনে স্থাপিত ৪ টি জেনারেটরের মাধ্যমে ৩য় তলাসহ বিভিন্ন ফ্লোর, মূল সার্ভার সিস্টেমসহ নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা হয়। এছাড়া ও বিদ্যুৎ বিভ্রাট কালীন ও নতুন নলকূপে বৈদ্যুতিক সংযোগ না হওয়া পর্যন্ত পাম্প চালানো এবং বিভিন্ন স্থানে চাহিদা মোতাবেক তথা রাষ্ট্রীয় ও জাতীয় অনুষ্ঠানে (যেমন বিশ্ব ইজতেমা, জাতীয় ঈদগাঁ মাঠ) বর্ষা কালীন জলাবদ্ধতা নিরসণ ইত্যাদি কার্যক্রম মোবাইল জেনারেটর দ্বারা সম্পাদন করা হয়ে থাকে। জরুরী বিদ্যুৎ বিভ্রাট কালীন সময়ে প্রয়োজন ও গুরুত্ব বিবেচনায় এক পাম্প হতে অন্য পাম্প মোবাইল জেনারেটর স্থানান্তর করে স্থাপন পূর্বক পানি সমস্যা পরিস্থিতি মোকাবেলা করা হয়ে থাকে। জেনারেটরগুলি এক জায়গা হতে অন্য জায়গায় স্থানান্তরিত করার কাজে পরিবহন, পর্যাপ্ত লোকবল, বিভিন্ন বৈদ্যুতিক সরঞ্জাম ও দক্ষ টেকনিশিয়ানের প্রয়োজন হয়। উক্ত বর্ণনা অনুযায়ী জেনারেটরগুলি এক জায়গা হতে অন্য জায়গায় স্থানান্তরিত করার কাজ সম্পাদনের লক্ষ্যে পূর্বানুমোদিত দরের ক্রেঃ নং-০৪) ভিত্তিতে একটি প্রাক্কলন তৈরী করা হয়েছে। প্রাক্কলনে টাকার পরিমাণ দাড়িয়েছে =৪,৯৭,৭২০.০৮৭ (চার লক্ষ সাতানব্বই হাজার সাতশত বিশ দশমিক শূণ্য আট সাত) টাকা মাত্র (ক্রেঃ নং-০৫)। উল্লেখ্য যে আলোচ্য কাজটি তত্ত্বাবধায়ক প্রকৌশলী এস.এম.ডব্লিউ.সি সার্কেল মহোদয় কর্তৃক পরিদর্শনান্তে চূড়ান্ত করা হবে।

০২। আলোচ্য কাজটি অত্র বিভাগের ২০২৫-২০২৬ ইং অর্থ বৎসরের সংশোধিত বাজেট বরাদ্দের (ক্রেঃ নং-০১) পরিচালন ব্যয়ের অন্তর্ভুক্ত জেনারেটর রক্ষণাবেক্ষণ কোড নং-০১-০৪-০১০ খাত হতে নির্বাহ করা হবে। কাজটি অত্র বিভাগের ২০২৪-২০২৫ ইং অর্থ বৎসরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয়-পরিকল্পনায় ক্রমিক নং-৩২ (PackageNo. WGM-1) এ অন্তর্ভুক্ত আছে (ক্রেঃ নং-০২)।

০৩। এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে Shifting and reconnection of generator with ancillary works at different DTW compounds under SOC division কাজটি সম্পন্ন করার জন্য =৪,৯৭,৭২০.০৮৭ (চার লক্ষ সাতানব্বই হাজার সাতশত বিশ দশমিক শূণ্য আট সাত) মাত্র টাকার প্রাক্কলনটির আর্থিক, কারিগরী ও প্রশাসনিক অনুমোদনসহ PPA-2006 এবং PPR-2008 এর ধারা ৭৬(১) (টে) মোতাবেক (DPM) পদ্ধতি হিসেবে ঠিকাদারী প্রতিষ্ঠান NECON TECH এর সাথে সরাসরি চুক্তির ভিত্তিতে কাজটি সম্পাদন করার নিমিত্ত প্রধান প্রকৌশলী মহোদয় কর্তৃক সদয় অনুমোদনের জন্য সর্বিনয়ে পেশ করা হল।

২১/০৭/২৫
মোঃ হাসিব করিম
উপ-সহকারী প্রকৌশলী
এস ও সি বিভাগ
ঢাকা ওয়াসা

AB

২০/০৭/২০২৫
মুহঃ মাহবুব আলম আল আজাদ
সহকারী প্রকৌশলী (চঃ দাঃ)
এস ও সি বিভাগ
ঢাকা ওয়াসা।

২১.০৭.২৪
সাদ্দাম হোসেন
নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ)
এস ও সি বিভাগ
ঢাকা ওয়াসা

SE(SMWC)

২১.০৭.২৫

মোহাম্মদ হুমায়ুন কবীর
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃ দাঃ)
এস.এম.ডব্লিউ.সি সার্কেল
ঢাকা ওয়াসা।

২০/৭/২৫

প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা